

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.১১১.১৬.০২০.১৫.৫৪৩

তারিখ : ১৮/১০/২০১৬ খ্রিঃ।

বিজ্ঞপ্তি

বিষয় : রিক্রুটিং এজেন্সি কর্তৃক ন্যূনতম কর্মী প্রেরণের শর্ত পূরণে গ্রেস পিরিয়ড বৃদ্ধি প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, 'রিক্রুটিং এজেন্ট আচরণ ও লাইসেন্স বিধিমালা, ২০০২' এর বিধি ৭ এর উপবিধি (৪) এর বিধান অনুযায়ী লাইসেন্স প্রাপ্তির ০৫ (পাঁচ) বৎসরের মধ্যে কোন রিক্রুটিং এজেন্ট ৩০০ (তিনশত) জন অভিবাসীকে কর্মসংস্থানের ব্যবস্থা করতে না পারলে উক্ত রিক্রুটিং এজেন্সির লাইসেন্স ০৫ (পাঁচ) বৎসর শেষ হওয়ার সাথে সাথে বাতিল বলে গণ্য হবে এবং তাদের জামানতের অর্ধেক টাকা বাজেয়াপ্ত হয়ে ওয়েজ আর্নাস কল্যাণ তহবিলে জমা হবে। ইতোপূর্বে গ্রেস পিরিয়ড অনুসারে যে সমস্ত রিক্রুটিং এজেন্সি ০৫ (পাঁচ) বৎসরে ৩০০ (তিনশত) জন কর্মী প্রেরণ করতে পারেনি সে সমস্ত রিক্রুটিং এজেন্সিকে গত ২২/১২/২০১৪ তারিখে নবায়নের নিমিত্ত গ্রেস পিরিয়ড প্রদান করা হয়েছিল; যা ৩১ ডিসেম্বর, ২০১৫ তারিখে উত্তীর্ণ হয়ে গিয়েছে।

০২। কর্মী স্বার্থ বিবেচনায় এবং অভিবাসী কর্মী প্রেরণ বৃদ্ধির লক্ষ্যে আগামী ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখ পর্যন্ত ন্যূনতম কর্মী প্রেরণের শর্ত পূরণের গ্রেস পিরিয়ড বৃদ্ধি করা হলো।

(শোভা শাহনাজ)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৩৫৬৭৩৫

ই-মেইল:sasemployment3@probashi.gov.bd

বিতরণঃ সদয় অবগতি/কার্যার্থে

- ১। মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা (বিজ্ঞপ্তিটি লাইসেন্সপ্রাপ্ত সকল রিক্রুটিং এজেন্সিকে অবহিতকরণের অনুরোধসহ)।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৪। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। যুগ্মসচিব (শ্রম বাজার গবেষণা/কর্মসংস্থান ও পলিসি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৬। সভাপতি, বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিজ (বায়রা), বায়রা ভবন, ১৩০, নিউ ইস্কাটন রোড, ঢাকা।
- ৭। অফিস কপি।